

এ কোন রূপে সামিরা মাহি -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪২ ঃ মেহেরপুর- সোমবার ১৫ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৩১ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ২১ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

## বিচার ক্ষেত্রে রেকর্ড গড়লো মেহেরপুর চীফ জুডিশিয়াল আদালত

# ৮ মাসে ৪৪৫ মামলা নিষ্পত্তি সাক্ষী গ্রহণে ‘জিরো টলারেন্স

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জজ আদালত ভবনের সিঁড়ি বেয়ে দ্বিতীয় তলায় উঠতেই বিচারপ্রার্থী মানুষদের ভীড়। বিভিন্ন মামলার বাদী, সাক্ষী আসামীদের উপস্থিতিতে সরগরম আদালত অঙ্গন। সবার প্রত্যাশা এতদিন মামলার বিচার প্রক্রিয়া ঝুলে ছিলো। এবার মামলা দ্রুত শেষ হচ্ছে। আগে সাক্ষী হতো না। ঘুরে যেতো। এখন শত শত সাক্ষী আসছে এবং সাক্ষী জেরার মুখোমুখি হয়ে সবাই বাড়ি ফিরছে। বিচারে কারাদণ্ড অথবা খালাস হলেও নেই কোন অস্বস্তি। পঞ্চাশোর্ধ্ব আমিনা হালসানা হাসিমুখে বললেন, “১০ বছুর আগির কেচ, কতবার সাক্ষী এনিচি, ঘোরৎ দিইচে। ইবার ৩ সাক্ষী এনিচি, ঘোরৎ দেয়নি। ইবার সাক্ষী নিইলে কেচ শেষ হবি।” আদালতের ভেতরে উঁকি দিতেই দেখা গেল আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা বসে আছেন। করিডরে সারিবদ্ধ সাক্ষীরা অপেক্ষমাণ। পুলিশ সদস্য জানালেন বিভিন্ন জেলার সরকারি সাক্ষীরা এসেছেন আজ সাক্ষ্য দিতে। আইনজীবীরা দৌড়ঝাঁপ করছেন এক আদালত থেকে আরেকটিতে। তবে সবার গন্তব্য প্রায় একই চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শাহজাহান




আলীর আদালত। আইনজীবী মোস্তাফিজুর রহমান তুহিন বললেন, “চিফ স্যার সাক্ষীর প্রশ্নে জিরো টলারেন্স। যত সাক্ষী আসুক, যত রাত হোকড়সব জেরা শেষ না করে আদালত ওঠেন না।” তার এই নীতি ও মানবিক দৃষ্টিভঙ্গির ফলেই মাত্র ৮ মাসে ৪৪৫টি মামলা নিষ্পত্তি হয়েছে, যা জেলার জন্য রেকর্ড। এই সময়ে আদালতে ৯৩৬ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে। শাহজাহান আলী যোগ দেন ৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে। তাঁর আদালতে তখন বিচারাধীন মামলা ছিল ১১২২টি। নতুন যুক্ত হয় ২৮৩টি মামলা। ৮ মাসে নিষ্পত্তি করেছেন ৪৪৫টি মামলা। নিষ্পত্তির হার ১৫৭%, যা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেসির জন্মলগ্ন থেকে সর্বোচ্চ। সমগ্র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেসিতে (জেলা আদালত মিলিয়ে) তাঁর সময়কালে নিষ্পত্তি হয়েছে ১০০১টি মামলা। এতে বিচারাধীন মামলার সংখ্যা কমে দাঁড়িয়েছে ৩৬৩৭টিতে।এতে সাধারণ মানুষের মুখে স্বস্তি এসেছে বলে বিচার প্রার্থীরা মনে করছেন। সাক্ষী দিতে আসা একজন শিক্ষক বললেন, “৫ বছর পর সাক্ষ্য দিতে পেরে আমি স্বস্তি পেয়েছি। এভাবে সাক্ষ্য গ্রহণ হলে মামলার জট অনেকটাই কমবে, বিচারও মিলবে দ্রুত।” মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের পিপি সাইদুর রাজ্জাক

২-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশে ভূমিকম্প অনুভূত

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশসহ ভারত, মিয়ানমার, নেপাল, ভুটান ও চীনে ৫ দশমিক ৯ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। রোববার (১৪ সেপ্টেম্বর) বিকেল ৫টা ১১ মিনিটের দিকে ভূমিকম্পটি আঘাত হানে।

ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ভারতের আসামে। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস এসব তথ্য জানিয়েছে।

এদিকে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্র জানিয়েছে, ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ঢাকা থেকে ৩৮০ কিলোমিটার দূরে ভারতের আসাম রাজ্যে।

আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. রুবাইয়াত কবীর জাগো নিউজকে বলেন, ‘ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ৫ দশমিক ৮ মাত্রার ভূমিকম্প হয়েছে বলে আমাদের কাছে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরের শাহী আল সাদাত পেলেন আন্তর্জাতিক স্বীকৃতি

# মানবাধিকারে অবদানের জন্য সাউথ এশিয়ান এক্সিলেন্স অ্যাওয়ার্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের ছোট্ট শহর, সদর উপজেলার নতুনপাড়া। এখানেই জন্ম ও বেড়ে ওঠা শাহী আল সাদাতের। বয়স মাত্র সতেরো। এখনও কলেজ জীবনের প্রথম ধাপ পেরোনোর অপেক্ষায়। কিন্তু বয়সের তুলনায় তাঁর অর্জনের তালিকা অনেক বড়ড় যা শুনলে অবাক হবেন যে কোনো পাঠক। সর্বশেষ যোগ হলো আরেকটি আন্তর্জাতিক সম্মাননাড়“সাউথ এশিয়ান এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৫”। গত শনিবার (১৩ সেপ্টেম্বর ) ঢাকার কেন্দ্রীয় কচি-কাচার মেলা অডিটোরিয়ামে এই সম্মাননা তুলে দেয় সাউথ এশিয়ান সোশ্যাল কালচারাল ফোরাম। মানবাধিকারে অসামান্য অবদানের জন্য তাঁকে এই স্বীকৃতি প্রদান করা হয়। সাদাত বয়সে তরুণ, কিন্তু চিন্তায় পরিণত। তিনি বিশ্বাস করেন মানবাধিকার মানেই মানুষের প্রতি ন্যায্যতা, সম্মান ও স্বাধীনতার

২-এর পৃষ্ঠা দেখুন




## হাজরি বিঘা জলাবদ্ধ জমি উদ্ধার চেয়ে কৃষকদের মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় জলাবদ্ধতার কারণে অনাবাদী হয়ে পড়া জমি উদ্ধারের দাবিতে গতকাল রোববার (১৪ সেপ্টেম্বর) দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধন করেছেন স্থানীয় কৃষকরা। দীর্ঘদিনের হতাশা ও অসহায়ত্বের প্রতিক্রিয়ায় রাস্তায় নেমেছেন প্রায় ৩০০ কৃষক। তারা জানান, খাল সংলগ্ন প্রায় এক

২-এর পৃষ্ঠা দেখুন


## মেহেরপুরে বিদ্যুৎপৃষ্ট হয়ে স্কুলছাত্রের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামের হাজী পাড়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাব্বি (১০) নামের এক চতুর্থ শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। গতকাল রবিবার (১৪ সেপ্টম্বর) সকালে নিজ বাড়ির ঘরের দরজা খুলতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত রাব্বি একই গ্রামের কেরামত আলীর ছেলে।

পরিবার সূত্রে জানা যায়, সকালে স্কুলে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিল রাব্বি। ঘরের দরজা খুলে ভেতরে প্রবেশের সময় বৈদ্যুতিক তারের লিকেজে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন



## হনুমানের খাদ্যসংকট : বনভূমি হারিয়ে লোকালয়ে কালোমুখী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের শহর ও গ্রামীণ এলাকায় দিন দিন বেড়ে চলেছে কালোমুখী হনুমানের উপস্থিতি। খাবারের সন্ধানে দল বেঁধে তারা প্রবেশ করছে বসতবাড়ি, খাবারের দোকান, এমনকি শহরের ব্যস্ত সড়কের পাশেও। মৌসুমি ফলের মৌসুম শেষ হওয়ায় গাছে খাদ্য সংকট দেখা দিয়েছে। আর সেই সুযোগেই মানুষঘেঁষা পরিবেশে ঘাঁটি

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে নারী মারধরের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক, মুজিবনগর

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় কু-প্রস্তাবে রাজি না হওয়ায় কবিতা খাতুন নামে এক নারী মারধরের শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে স্থানীয় প্রভাবশালী মফিজুল ইসলামের বিরুদ্ধে। শনিবার সকাল ১০টার দিকে বিদ্যাধরপুর গ্রামের কুঠিপাড়ায় এই ঘটনা ঘটেছে। কবিতা খাতুন একই এলাকার মালয়েশিয়া প্রবাসী আহসান হাবীবের স্ত্রী। অভিযোগে বলা হয় দারিয়াপুর ইউনিয়নের ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাফুর আলীর ছেলে মফিজুল ইসলাম কবিতা

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জেলা প্রশাসনের তিন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে একাধিক গুরুত্বপূর্ণ মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল রবিবার (১৪ সেপ্টম্বর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে পৃথকভাবে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটি, চোরাচালান প্রতিরোধ কমিটি এবং মানব পাচার প্রতিরোধ কমিটির সভা বসে। সভাগুলোতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড.

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় নিয়ম বহির্ভূতভাবে সার বিক্রির অভিযোগ ৫০ হাজার টাকা জরিমানা

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় নিয়ম বহির্ভূতভাবে সার সংরক্ষণ ও বিক্রির দায়ে একটি প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।গতকাল রবিবার (১৪ সেপ্টেম্বর) দুপুর ১টার দিকে উপজেলার আটকবর গোচিয়াপাড়া মোড়ে সার, বীজ ও কীটনাশকের বাজার তদারকি অভিযানে এ জরিমানা করা হয়। অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনে শহিদুল ইসলামের মালিকানাধীন

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াতের সঙ্গে কর্মসূচিতে যাচ্ছে না এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীকে নিয়ে আপাতত কোনো কর্মসূচিতে যাচ্ছে না জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির অভ্যন্তরে আপত্তি ওঠায় এ সিদ্ধান্ত হয়েছে। যদিও জুলাই জাতীয় সনদের আইনি ভিত্তি ও নির্বাচনের আগে সনদের বাস্তবায়নের দাবিতে তারা একমত, তবে জামায়াতের সঙ্গে যুগপৎ আন্দোলনে এখনই থাকছে না এনসিপি। তবে ইসলামী আন্দোলন বাংলাদেশ (চরমোনাই পীরের নেতৃত্বাধীন) ও অন্যান্য দল যারা সংসদে আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতি চায়, তারা আন্দোলনে থাকছে। অন্যদিকে সংস্কার, বিচার, নির্বাচনী লেভেল প্লেয়িং ফিল্ড এবং জাতীয় পার্টি ও ১৪

২-এর পৃষ্ঠা দেখুন




## এসপি গৌতম কুমারকে চুয়াডাঙ্গায় পদায়নের প্রতিবাদে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

ডিএমপির মিরপুর জোনের ডিসি গৌতম কুমার বিশ্বাসকে চুয়াডাঙ্গায় পুলিশ সুপার হিসেবে পদায়নের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার (১৪ সেপ্টেম্বর) সকালে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে চুয়াডাঙ্গাবাসীর ব্যানারে এই কর্মসূচি পালন করা হয়। এতে অংশ নেন জামায়াতে ইসলামী, এনসিপি ও এবি পার্টির নেতাকর্মীরা। মানববন্ধনে বক্তারা বলেন, সম্প্রতি চুয়াডাঙ্গায় পদায়ন করা পুলিশ সুপার গৌতম কুমার বিশ্বাস ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসর হিসেবে

২-এর পৃষ্ঠা দেখুন

## পাঁচ দফা দাবিতে খেলাফত মজলিশের কর্মসূচি ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

মাওলানা মামুনুল হকের নেতৃত্বাধীন বাংলাদেশ খেলাফত মজলিশ পাঁচ দফা দাবিতে দেশব্যাপী আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেছে। এ দাবিগুলো বাস্তবায়নে আগামী ১৮ সেপ্টেম্বর রাজধানী ঢাকায়, ১৯ সেপ্টেম্বর সব বিভাগীয় শহরে এবং ২৬ সেপ্টেম্বর জেলা ও উপজেলা পর্যায়ে বিক্ষোভ মিছিল করবে দলটি। রোববার রাজধানীর পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। পাঁচ দফা দাবিগুলো হলো অবিলম্বে জুলাই সনদ বাস্তবায়ন, আওয়ামী লীগের দোসর হিসেবে জাতীয় পার্টি ও ১৪ দলের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা,

২-এর পৃষ্ঠা দেখুন




## কুষ্টিয়ায় বিজিবির অভিযান : নকল বিড়ি ও মাদকদ্রব্য আটক

নিজস্ব প্রতিবেদক, কুস্টিয়া

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) ধারাবাহিক মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে বিপুল পরিমাণ অবৈধ নকল বিড়ি ও মাদকদ্রব্য আটক করেছে। গতকাল রবিবার (১৪ সেপ্টম্বর) বিজিবির প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ১৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখ বিকেল ৩টার দিকে কুষ্টিয়া জেলার লালন চত্তর হাইওয়ে রোড এলাকায় ব্যাটালিয়নের বিশেষ টহল দল অভিযান পরিচালনা করে। জেসিও-১০০৩৪ নায়েব সুবেদার সিগন্যাল আব্দুল

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর: (সাবেক ডিআইজি
নাহিদুল ইসলাম গ্রেফতার)

ক্ষমতার জোরে অনেক কিছুই
করতে পারে মানুষ
পুলিশ হয়ে প্রমোশনের লোভে
ছিল না তোমার হুঁশ।
মানুষ মেরে রক্ত ঝরানো
ছিল তোমার কাজ
সেই পোশাকের মানুষ গুলি
হাতে হ্যান্ডকাপ পরালো
আজ।
কথায় আছে অতি বাড়
বেড়োনা
ঝড়ে ভেঙে যাবে
তোমার মতো অমানুষ গুলি
পড়বে গ্যাড়া কলে ।
আইন করে জেলে যাবি
দিতে হবে ফাঁসি
ইতিহাসের পাতায় থাকবে
লেখা
মনে রাখবে দেশবাসী।



## দৌলতপুর বিএনপিকে সুস্থ ধারায় ফিরাতে বৈঠক

নিজস্ব প্রতিবেদক, কুষ্টিয়া

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা বিএনপির প্রবীণ ও ত্যাগী নেতৃবৃন্দ একত্র হয়ে দলের কার্যক্রমকে সুস্থ ধারায় ফিরিয়ে আনার লক্ষ্যে বৈঠক করেছেন। সম্প্রতি কুষ্টিয়া শহরের একটি রেস্তোরায় অনুষ্ঠিত বৈঠকে উপস্থিত ছিলেন দৌলতপুর উপজেলা বিএনপির প্রতিষ্ঠাকালীন

২-এর পৃষ্ঠা দেখুন



## যতারপুর স্মৃতি ফুটবল: বাঁশবাড়িয়া একাদশ সেমিফাইনালে

নিজস্ব প্রতিবেদক, মুজিবনগর

মুজিবনগরের যতারপুর গ্রামের উদ্যোগে অনুষ্ঠিত মরহুম মাদার আলী বিশ্বাস স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বাঁশবাড়িয়া একাদশ সেমিফাইনালে প্রবেশ করেছে। রবিবার বিকালে শেষ কোয়ার্টার ফাইনালে তারা ৩-১ গোলে নাটুদাহকে হারিয়েছে। খেলার প্রথমার্ধে হামজা গোল করেন।

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ৩১ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ১৫ সেপ্টেম্বর ২০২৫ইং

# ফেব্রুয়ারির নির্বাচন অনিবার্য

## সনদ বাস্তবায়নে সরকারের দৃঢ় পদক্ষেপ জরুরি

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন আয়োজনে সরকারকে দৃঢ় পদক্ষেপ নিতে হবে, নইলে জাতীয় নিরাপত্তা ও স্থিতিশীলতা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছেড়এমন মত দিয়েছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। তিনি বলেন, জুলাই সনদ বাস্তবায়ন ও নির্বাচন আয়োজনের সামনে তিনটি পথ খোলা: রাজনৈতিক সমঝোতা, সরকারের দৃঢ় অবস্থান অথবা কিছু না করে অপেক্ষা করা। গতকাল শনিবার রাজধানীর কারওয়ান বাজারে প্রথম আলো কার্যালয়ে আয়োজিত গোলটেবিল বৈঠক 'নির্বাচনের জন্য রাজনৈতিক সমঝোতার পথ'-এ তিনি এই মতামত দেন। বৈঠকের সূচনা বক্তব্য দেন প্রথম আলো সম্পাদক মতিউর রহমান, সঞ্চালনা করেন নির্বাহী সম্পাদক সাজ্জাদ শরিফ। বৈঠকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ জানান, অচলাবস্থা দূর করতে তাঁর দল পর্দার আড়ালে আলোচনা চালিয়ে যেতে রাজি। তিনি বলেন, "জাতীয় স্বার্থে একসঙ্গে বসতে পারি। সংসদ ছাড়া বৈধ পথে সংস্কার সম্ভব হলে একমত হব।" তিনি জানান, বিএনপি জুলাই সনদে সই করবে, তবে সংস্কারের শর্তে নির্বাচনের আয়োজন কঠিন হতে পারে। জামায়াতের নির্বাহী পরিষদ সদস্য মতিউর রহমান আকন্দ বলেন, শেখ হাসিনার পলায়নে সংবিধানের ৫৭ অনুচ্ছেদ অকার্যকর হয়েছে। জনগণ সংস্কার চায়ড়এ দাবি জানিয়ে তিনি বলেন, নির্বাচন ফেব্রুয়ারিতেই হতে হবে, এর বিকল্প নেই। তাঁর মতে, সংস্কারে ছিদ্র রেখে ক্ষমতায় যাওয়া যাবে না। এনসিপির সদস্য সচিব আখতার হোসেন বলেন, সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন নেই, তবে নির্বাচনের আগে জুলাই সনদ বাস্তবায়ন জরুরি। গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি প্রস্তাব দেন, আগামী সংসদকে সংবিধান সভা হিসেবে বিবেচনা করতে হবে, যাতে সংস্কারের বৈধতা নিয়ে প্রশ্ন না ওঠে। অধ্যাপক আলী রীয়াজ সতর্ক করেন, অল্প কিছু পরিবর্তন করে নির্বাচন হলে মৌলিক পরিবর্তন আসবে না। হোসেন জিল্লুর রহমান বলেন, মানুষের দারিদ্র্য, বেকারত্ব ও কষ্ট বোঝা দরকার, অনিশ্চয়তা বাড়লে এগুলো আরও প্রকট হবে। দেবপ্রিয় ভট্টাচার্য মনে করেন, "যতটুকু সম্ভব ততটুকু এখনই করতে হবে।" নইলে অর্থনীতিতে দ্রব্যমূল্য বৃদ্ধি, শ্রমিক অসন্তোষ, কর্মসংস্থান সংকট ও বিনিয়োগ হ্রাসের ঝুঁকি রয়েছে। বদিউল আলম মজুমদার মনে করেন, বিদ্যমান নিয়মে সংকট সমাধান সম্ভব নয়, তাই মৌলিক পরিবর্তন জরুরি। হা-মীম গ্রুপের এ. কে. আজাদ বলেন, সংস্কার ছাড়া নির্বাচন হলে দেশ আগের জায়গায় ফিরে যাবে। সরকারের যত দেরি হবে, সংস্কার বাস্তবায়ন তত কঠিন হবে। ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## দারচিনি ভেজানো পানির কার্যকারিতা

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান ব্যস্ত জীবনযাপন ও অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের কারণে অনেকেই ত্বকের উজ্জ্বলতা হারাচ্ছেন, পাশাপাশি ভুগছেন হজমের সমস্যা, স্থূলতা ও মানসিক অবসাদে। অতিরিক্ত চিনি, কেক, সফট ড্রিংকস ও চকোলেট শরীরের জন্য যেমন ক্ষতিকর, তেমনি এগুলো ত্বকের স্বাভাবিক সৌন্দর্যও নষ্ট করে। এই সমস্যার প্রাকৃতিক সমাধান হিসেবে প্রাচীনকাল থেকে ব্যবহৃত হয়ে আসছে দারচিনি। রান্নার অন্যতম এই মশলা শুধু স্বাদ বাড়ায় না, বরং দেহ ও ত্বকের জন্য নানা উপকারও করে। গবেষণায় দেখা গেছে, দারচিনি রক্তে গ্লুকোজ ও কোলেস্টেরলের মাত্রা কমাতে সাহায্য করে, রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে এবং পাচনতন্ত্রের কার্যক্ষমতা উন্নত করে। কেন উপকারী দারচিনি : দারচিনির মধ্যে থাকা সিনামালডিহাইড ও পলিফেনল প্রদাহ কমায়, শরীরের ইনসুলিন সংবেদনশীলতা বাড়ায় এবং বিপাক প্রক্রিয়া উন্নত করে। এছাড়া এটি লিভারের কার্যকারিতা বাড়িয়ে শরীর থেকে টক্সিন দূর করে, যার ফলে অলসতা, স্থূলতা ও ত্বকের কালচে ভাব কমে যায়। :কিভাবে দারচিনি ভেজানো পানি ব্যবহার করবেন : ত্বকের উজ্জ্বলতার জন্য ১.৫ কাপ পানিতে একটি ছোট দারচিনি, কয়েকটি জাফরান ও ১-২টি শুকনা গোলাপের পাপড়ি দিয়ে ১০ মিনিট ফুটিয়ে ছেঁকে

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামী আয়োজন করল গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগন গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে গতকাল রবিবার (১৪ সেপ্টেম্বর) গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। চকশ্যামনগন গ্রামের বিভিন্ন সড়ক, মহল্লা ও দোকানে এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের জামায়াত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহাবুব উল আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি ও আমঝুপি

৩-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর সরকারি কলেজের আম বাগান লিজে দেওয়া হবে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি কলেজের মূল ভবনের পেছনের বিভিন্ন জাতের আম বাগান দুই মওসুমের জন্য লিজের জন্য দেওয়া হবে। আগ্রহী দরদাতারা ১৬ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর ২০২৫ (সরকারি ছুটি বাদে) সকাল ১০টা থেকে দুপুর ১টার মধ্যে কলেজ অফিস থেকে দরপত্র সংগ্রহ করতে পারবেন।মেহেরপুর সরকারি কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর জানান দরপত্র জমা দিতে হবে ২৫ সেপ্টেম্বর দুপুর ১টার মধ্যে অধ্যক্ষের কক্ষে স্থাপিত বক্সে। একই দিনে দরপত্র খোলা হবে দুপুর ১:১৫ মিনিটে, দরদাতাদের উপস্থিতিতে। তবে কর্তৃপক্ষ যেকোনো দরপত্র আংশিক বা সম্পূর্ণভাবে গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেছেন।



## চাকরির জন্য নয়, মানুষের জন্ম উদ্যোক্তা হওয়ার জন্য: প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, মানুষ কারও অধীনে চাকরি করার জন্য জন্মায়নি; মানুষের জন্ম উদ্যোক্তা হওয়ার জন্য। তাই দেশে এমন আর্থিক কাঠামো গড়ে তুলতে হবে, যেখানে প্রত্যেক মানুষ উদ্যোক্তা হয়ে উঠতে পারে। রোববার রাজধানীর মোহাম্মদপুরের খিলজি রোডে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) নতুন ভবন উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অধ্যাপক ইউনূস বলেন, "মানুষ কারও চাকরি করার জন্য পৃথিবীতে আসে নাই। আমাদের আর্থিক ব্যবস্থা এমনভাবে তৈরি করতে হবে, যাতে যে কেউ উদ্যোক্তা হওয়ার সুযোগ পায়।" তিনি আরও বলেন, বর্তমান প্রজন্ম গ্রামের ছেলে-মেয়েদেরও চিন্তাভাবনায় এগিয়ে দিয়েছে। তাই তাদের জন্য এমন একটি আর্থিক ও সামাজিক পরিবেশ তৈরি করা প্রয়োজন, যেখানে তারা স্বাধীনভাবে নিজস্ব উদ্যোগ শুরু করতে পারে। প্রধান

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপিকে রাজনৈতিকভাবে কোণঠাসা করার চেষ্টা চলছে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, একটি পরিকল্পিত ষড়যন্ত্রের মাধ্যমে বিএনপিকে রাজনৈতিকভাবে দুর্বল করার প্রচেষ্টা চালানো হচ্ছে। তাঁর মতে, গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনের বিরুদ্ধে এই তৎপরতা মারাত্মক হুমকি হয়ে দাঁড়িয়েছে। রবিবার (১৪ সেপ্টেম্বর) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে আয়োজিত আলোচনা ও দোয়া মাহফিলে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের কারামুক্তি দিবস উপলক্ষে। রিজভী বলেন, সরকারের অভ্যন্তরে একটি মহল

৩-এর পৃষ্ঠা দেখুন



## যাবজ্জীবন সাজার মেয়াদ কমানো হতে পারে: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

যাবজ্জীবন সাজার মেয়াদ কমিয়ে বৃদ্ধ ও অসুস্থ কারাবন্দিদের মুক্তির বিষয়ে আলোচনা চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। গতকাল রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। উপদেষ্টা বলেন, "কারাগারে অনেক সমস্যা আছে। সেখানে সংস্কারের প্রয়োজন রয়েছে। বাজেট সীমাবদ্ধতার পাশাপাশি কারাবন্দিদের মধ্যে অনেকেই বয়স্ক এবং নানান রোগে ভুগছেন। তাঁদের জন্য ওষুধ সরবরাহ ও চিকিৎসার বিশেষ ব্যবস্থা জরুরি। বর্তমানে যাবজ্জীবন সাজা ৩০ বছর হলেও সেটি কমিয়ে বৃদ্ধদের মুক্তি দেওয়ার বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে।" তিনি আরও জানান, "কত বছর যাবজ্জীবন সাজা হবে তা এখনও নির্ধারণ হয়নি। মেয়েদের ক্ষেত্রে ২০ বছর এবং ছেলেদের ক্ষেত্রে তার

৩-এর পৃষ্ঠা দেখুন





## যুক্তরাষ্ট্রে মেধাস্বত্ব পেল বাংলাদেশের করোনা টিকা 'বঙ্গভ্যাক্স'

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের গ্লোব বায়োটেকের উদ্ভাবিত করোনা ভাইরাস প্রতিরোধী রিবোনিউক্লিক অ্যাসিড (সজঘঅ) ভিত্তিক টিকা 'বঙ্গভ্যাক্স' যুক্তরাষ্ট্রে মেধাস্বত্ব (পেটেন্ট) অর্জন করেছে। এটি বাংলাদেশের ওষুধশিল্পের ইতিহাসে প্রথম কোনো টিকা, যা যুক্তরাষ্ট্রে পেটেন্ট পেতে সক্ষম হলো। রোববার (১৪ সেপ্টেম্বর) তেজগাঁও শিল্প এলাকায় গ্লোব ফার্মাসিউটিক্যালসের প্রধান কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ

৩-এর পৃষ্ঠা দেখুন

## ম্যাচ হারা নিয়ে যা বললেন লিটন

সূর্যোদয় প্রতিবেদন

জয় দিয়ে এশিয়া কাপ শুরু করেছিল বাংলাদেশ। তবে দ্বিতীয় ম্যাচে শ্রীলঙ্কাকে ১৪০ রানের লক্ষ্য দেওয়ার পর ৩২ বল বাকি থাকতেই ৬ উইকেটে হেরেছে টাইগাররা। এমন বড় হারে বাংলাদেশের জন্য সুপার ফোরের সমীকরণটাও বেশ কঠিন হয়ে গেছে। টাইগারদের জন্য আফগানিস্তানের বিপক্ষে গ্রুপপর্বের শেষ ম্যাচটি ম্যাচ এখন বাঁচা-মরার। টুর্নামেন্টে টিকে থাকতে হলে ওই ম্যাচে তাদের জিততেই হবে। গতকাল শনিবার শ্রীলঙ্কার বিপক্ষে টস হেরে আগে ব্যাট করতে নামা বাংলাদেশ প্রথম দুই ওভারে কোনো রান তোলার আগেই ২

৩-এর পৃষ্ঠা দেখুন



## লালন সম্রাজ্ঞী ফরিদা পারভীনের দাফন সম্পন্ন

সূর্যোদয় প্রতিবেদন

কুষ্টিয়া পৌর গোরস্থানে বরেণ্য লালনসঙ্গীত শিল্পী ফরিদা পারভীনের দাফন সম্পন্ন করা হয়েছে। শৈশব ও কৈশোরের অনেকটাই কুষ্টিয়াতেই কেটেছে এই শিল্পীর। লালনগীতি পরিবেশনের মধ্য দিয়ে নিজেকে ভক্তদের মনে চিরস্মরণীয় করে রেখেছিলেন তিনি। স্বাধীনতার পর লালন সাঁইজির গানের সঙ্গে ফরিদা পারভীনের ঘনিষ্ঠতা তৈরি হয়

৩-এর পৃষ্ঠা দেখুন

## মিত্রদের রুশ তেল না কেনার আহ্বান জেলেনস্কির

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি মিত্র দেশগুলোকে রুশ তেল কেনা বন্ধ করার আহ্বান জানিয়েছেন। শনিবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় তিনি বলেন, রুশ তেলের ব্যবহার কমানো এখন জরুরি। কারণ এটি রাশিয়ার যুদ্ধ চালিয়ে যাওয়ার সক্ষমতাকে দুর্বল করবে। জেলেনস্কি লিখেছেন, "আমি সব অংশীদারড়ইউরোপ, যুক্তরাষ্ট্র, জি৭, জি২০ড়কে আহ্বান জানাই, নিষেধাজ্ঞা আরোপ না করার অজুহাত খোঁজা বন্ধ করুন।" তিনি আরও

৩-এর পৃষ্ঠা দেখুন

## পোল্যান্ডে ন্যাটো ও মিত্র দেশগুলোর যুদ্ধবিমান মোতায়েন

সূর্যোদয় প্রতিবেদন

পোল্যান্ডের আকাশসীমায় রাশিয়ার ড্রোন অনুপ্রবেশের পর দেশটির আকাশসীমায় পোলিশ সামরিক বাহিনীসহ ন্যাটো ও মিত্র দেশগুলোর যুদ্ধবিমান মোতায়েন করা হয়েছে। এএফপির খবরে বলা হয়েছে, গত বুধবার পোল্যান্ডে ১৯টি

৩-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)


আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

প্রযুক্তি

## নিজের মতো থ্রিডি পুতুল বানাবেন যেভাবে

সূর্যোদয় প্রতিবেদন

ফেসবুক খুললেই এই ধরনের ছবি এখন সামনে আসছে। অনেকেই নিজের এমন থ্রিডি ছবি বানিয়ে সোশ্যাল মিডিয়ায় শেয়ার করছেন। তবে প্রথম দেখায় আপনার একে কোনো ছবি মনে হবে না। মনে হতে পারে কোনো মিনিয়েচার। ব্যাকগ্রাউন্ড এমন যে দেখে তাই মনে হওয়া স্বাভাবিক।



আসলে এটি এআইয়ের আরেক রেসিপি। এটি হচ্ছে 'নানো বানানা' থ্রিডি ফিগারিন ক্রেজ (থ্রিডি মডেল)। গুগলের জিমিনি ২.৫ ফ্লাস ইমেজ টুল, যেটিকে মজার ছলে 'নানো বানানা' বলা হচ্ছে, মুহূর্তে সাধারণ ছবিকে রূপান্তরিত করছে একেবারে বাস্তবের মতো থ্রিডি মডেলে। মুখের অভিব্যক্তি থেকে পোশাক, এমনকি ব্যাকগ্রাউন্ড-সব কিছুই ধরা পড়ছে অত্যন্ত সূক্ষ্ম ও খুঁতভাবে। ভাবুন তো, আপনার ছবিটা হঠাৎ করেই যদি রূপ নেয় একেবারে আসল খেলনা পুতুলে! এটাই হচ্ছে এখনকার নতুন ভাইরাল ট্রেন্ড থ্রিডি মডেল বা ডিজিটাল ফিগারিন।

আসুন জেনে নেওয়া যাক কীভাবে বানাবেন ফ্রি থ্রিডি মডেল- প্রথমে ভিজিট করুন গুগল এআই স্টুডিও: গুগল এআই স্টুডিও লিঙ্ক।হোমপেজে গিয়ে ক্লিক করুন 'ট্রাই ন্যানো বানানা' অপশনে।চাইলে শুধু একটি প্রম্পট লিখেই থ্রিডি স্টাইল ফিগার তৈরি করতে পারবেন। আরও

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓এক্স-রে ✓আল্ট্রাসনোগ্রাফি ✓হরমন এনালাইসিস ✓সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## দারচিনি ভেজানো পানির কার্যকারিতা

(শেষ পৃষ্টার পর)
নিন। সকালে খালি পেটে গরম অবস্থায় পান করুন। এটি রক্ত পরিষ্কার করবে এবং ত্বককে উজ্জ্বল করবে। রক্তে শর্করা নিয়ন্ত্রণে একটি দারচিনি, ঈ চা চামচ মেথি বীজ, ৩-৪টি তুলসী পাতা ১.৫ কাপ পানিতে দিয়ে ১০-১২ মিনিট ফুটিয়ে খালি পেটে পান করতে পারেন। এটি অগ্ন্যাশয়কে শক্তিশালী করে এবং রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে। ওজন কমাতে একটি দারচিনি, চা চামচ শুকনা আদা গুঁড়া, সামান্য লবণ, এক চিমটি গোলমরিচ ও কয়েক ফোঁটা লেবু ২ কাপ পানিতে ফুটিয়ে অর্ধেক করে নিন। ঠাণ্ডা হলে লেবুর রস মিশিয়ে বিকেলে ধীরে ধীরে পান করুন। এটি হজমশক্তি বাড়াবে ও অতিরিক্ত মেদ কমাতে সাহায্য করবে। বিশেষজ্ঞদের মতে, নিয়মিত দারচিনি ভেজানো পানি পান করলে শরীর সুস্থ থাকে, ত্বক উজ্জ্বল হয় এবং ওজন নিয়ন্ত্রণ সহজ হয়। তাই চিনিযুক্ত খাবারের ক্ষতিকর প্রভাব কমাতে চাইলে দারচিনি ভেজানো পানি নিয়মিত খাদ্যতালিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে।

## ফেব্রুয়ারির নির্বাচন অনিবার্য

(শেষ পৃষ্টার পর)
"রাজনীতিবিদদের মতভিন্নতার জন্য জনগণ কেন ভুক্তভোগী হবে?" তিনি খুনের মামলায় সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণির মানুষকে আসামি করার প্রবণতার কড়া সমালোচনা করেন। অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মাহফুজুর রহমান মনে করেন, যত দ্রুত নির্বাচিত সরকার আসবে, ততই দেশের জন্য ভালো। বৈঠকে আলোচকরা একমত হন যে ফেব্রুয়ারির মধ্যে নির্বাচন আয়োজন জরুরি। তবে শুধু নির্বাচনে নয়, কাঠামোগত সংস্কার বাস্তবায়নেও সরকারের কঠোর ভূমিকা প্রয়োজন। প্রথম আলো সম্পাদক মতিউর রহমান বলেন, "আমরা চাই, সব দল নির্বাচনে অংশ নিক। সংস্কার নিয়ে ঐকমত্যে পৌঁছাতে পারলে আমরা আপনাদের পাশে থাকব।

## মেহেরপুরে জামায়াতে ইসলামী

(শেষ পৃষ্টার পর)
ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, বুড়িপোতা ইউনিয়ন জামায়াতের আমির আবুল জাফর সোহেল, ইউনিয়ন সেক্রেটারি আব্দুস সালাম, রাধাকান্তপুর ওয়ার্ড জামায়াতের সভাপতি হামিদুল ইসলামসহ অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ। গণসংযোগে দলের প্রার্থীর পক্ষে সমর্থন বৃদ্ধির আহ্বান জানানো হয় এবং আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানোর গুরুত্ব তুলে ধরা হয়।

## প্রধান উপদেষ্টা

(শেষ পৃষ্টার পর)
উপদেষ্টা জানান, ব্যক্তি উদ্যোগের পাশাপাশি চাইলে বিনিয়োগকারী হিসেবেও যুক্ত হওয়ার সুযোগ থাকতে হবে। তিনি বলেন, "আমরা যদি একটি কাঠামো দাঁড় করাতে পারি, যেখানে কেউ ব্যবসার আইডিয়া নিয়ে এলে শুধু ঋণ নয়, বিনিয়োগও পাবেনড়তাহলেই সত্যিকারের পরিবর্তন সম্ভব হবে।" তিনি প্রস্তাব করেন, যৌথ মালিকানা থেকে পূর্ণ মালিকানায় রূপান্তরযোগ্য একটি আর্থিক মডেল। এতে উদ্যোক্তা সফল হলে ধীরে ধীরে ব্যবসার পুরো মালিকানা নিজের হাতে নিতে পারবেন। পিকেএসএফ-এর জন্ম ইতিহাস প্রসঙ্গে অধ্যাপক ইউনূস বলেন, এর সূচনা হয়েছিল ২০ কোটি টাকার একটি প্রকল্পকে ঘিরে, যেখানে সরকার, পরিকল্পনা কমিশন, দাতা সংস্থা এবং তৎকালীন প্রেসিডেন্ট জেনারেল হুসাইন মুহাম্মদ এরশাদ নিজেও সম্পৃক্ত ছিলেন। তিনি জানান, সূচনালগ্ন থেকে প্রতিষ্ঠানটির উদ্দেশ্য ছিল গ্রামীণ উদ্যোক্তাদের পাশে দাঁড়ানো, যা সময়ের সঙ্গে আরও বিস্তৃত হয়েছে। তবে তিনি স্বীকার করেন, বিভিন্ন সময়ে কাঠামোগত ও নীতিগত চ্যালেঞ্জ এসেছে। বিশেষ করে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) সঙ্গে কিছু দূরত্ব তৈরি হয়েছে, যা দূর করা জরুরি। বর্তমান আইন কাঠামো প্রসঙ্গে প্রধান উপদেষ্টা বলেন, "৮০ দশকের আইন আজকের বাস্তবতার সঙ্গে খাপ খায় না। বিশেষ করে পিকেএসএফ-এর নিজস্ব আইন সংস্কার করে নতুন প্রজন্মের জন্য বহুমুখী কর্মসূচি চালুর সুযোগ সৃষ্টি করতে হবে।" তিনি আশা প্রকাশ করে বলেন, "আন্তর্জাতিক অঙ্গনে আমাদের প্রতি আস্থা রয়েছে। আমরা যদি সমন্বিত আর্থিক কাঠামো গড়ে তুলতে পারি, তাহলে দেশে প্রকৃত উদ্যোক্তা তৈরির স্বপ্ন বাস্তবায়ন সম্ভব হবে।" অনুষ্ঠানে আরও বক্তব্য দেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ, পিকেএসএফ পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জাকির আহমেদ খান এবং ব্যবস্থাপনা পরিচালক মো. ফজলুল কাদের।

## কোণঠাসা করার চেষ্টা চলছে: রিজভী

(শেষ পৃষ্টার পর)
পরিকল্পিতভাবে ডাকসু ও জাকসু নির্বাচনকে প্রভাবিত করেছে। তাঁর অভিযোগ, এসব বিশ্ববিদ্যালয়ের ব্যালট পেপার সরকারি প্রেসে না ছেপে একটি বেসরকারি প্রতিষ্ঠানে ছাপানো হয়েছে, যার মালিক একটি বিশেষ রাজনৈতিক দলের ঘনিষ্ঠ ব্যক্তি। এতে নির্বাচনী প্রক্রিয়ার নিরপেক্ষতা নিয়ে গুরুতর প্রশ্ন উঠেছে। তিনি আরও অভিযোগ করেন, দেশের ১৬টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামায়াত ঘনিষ্ঠ হতে পারেনড় এমন বাস্তবতা অন্তর্বর্তীকালীন সরকারের সহযোগিতা ছাড়া সম্ভব নয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা অনিয়মের প্রতিবাদে দায়িত্ব ছাড়ায় জনগণের মনে সন্দেহ জেগেছেড়রাষ্ট্র ও বিশ্ববিদ্যালয় প্রশাসন কি যৌথভাবে কোনো গভীর ষড়যন্ত্রের নীলনকশা বাস্তবায়ন করছে? হুঁশিয়ারি দিয়ে রিজভী বলেন, উগ্রবাদের উত্থান ঘটলে দেশের ভবিষ্যৎ ভয়াবহ হতে পারে। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, "যাঁরা একসময় ফ্যাসিবাদবিরোধী আন্দোলনের নেতৃত্ব দিয়েছেন, তাঁদের আজ শিবির-পন্থী হয়ে যাওয়া অত্যন্ত দুঃখজনক।" বিএনপির এই নেতা জোর দিয়ে বলেন, দলটি কখনো অন্যায়ের সঙ্গে আপস করেনি, ভবিষ্যতেও করবে না। জনগণকে এই ষড়যন্ত্রের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান তিনি।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

(শেষ পৃষ্টার পর)
চেয়ে কিছুটা বেশি সময় নির্ধারণের প্রস্তাব এসেছে। তবে এ ক্ষেত্রে আসামির বয়সও বিবেচনা করতে হবে। যেমন, কেউ যদি ১৮ বছর বয়সে অপরাধ করে এবং ২০ বছর পরে মুক্তি পায়, তবে সে আবারও অপরাধে জড়িয়ে পড়তে পারে এ বিষয়গুলো গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।" লুট হওয়া অস্ত্র উদ্ধারের প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, "পুরস্কার ঘোষণার পর প্রতিদিনই লুট হওয়া অস্ত্র উদ্ধার হচ্ছে। দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে। সম্প্রতি ডাকসু ও জাকসু নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিয়ে কোনো অভিযোগ ওঠেনি। জাতীয় নির্বাচনেও আমাদের পর্যাপ্ত প্রস্তুতি রয়েছে।"

## যুক্তরাষ্ট্রে মেধাস্বত্ব পেল বাংলাদেশের

(শেষ পৃষ্টার পর)
তথ্য নিশ্চিত করেন গ্লোব বায়োটেকের প্রধান গবেষক ড. কাকন নাগ। সংবাদ সম্মেলনে জানানো হয়, গ্লোব ফার্মাসিউটিক্যাল গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান গ্লোব বায়োটেক ২০১৫ সাল থেকে জিনভিত্তিক চিকিৎসা ও জটিল রোগের আধুনিক ওষুধ নিয়ে কাজ করছে। করোনা মহামারির সময় ড. কাকন নাগ ও ড. নাজনীন সুলতানার নেতৃত্বে 'বঙ্গভ্যাক্স' উদ্ভাবনের কাজ শুরু হয়। ২০২০ সালে টিকাটির জেনেটিক সংকেত যুক্তরাষ্ট্রের জাতীয় জৈবতথ্য ভাণ্ডারে (ঘঈইও) প্রকাশিত হয়। পরবর্তীতে যুক্তরাজ্যের প্রভাবশালী বিজ্ঞান সাময়িকী ন্যাচার এবং যুক্তরাষ্ট্রের ঠধপপরহব সাময়িকীতে বঙ্গভ্যাক্স নিয়ে গবেষণাপত্র প্রকাশিত হয়। বিশ্বস্বাস্থ্য সংস্থা (ডঐঙ) ২০২০ সালেই এটিকে কোভিড টিকার তালিকায় অন্তর্ভুক্ত করে। গ্লোব বায়োটেক দাবি করছে, বঙ্গভ্যাক্স বিশ্বের একমাত্র এক-ডোজের সজঘঅ টিকা, যা করোনা ভাইরাসের বিভিন্ন ভ্যারিয়েন্টের বিরুদ্ধে কার্যকর। এতে প্রতিষ্ঠানটির নিজস্ব ন্যানোটেকনোলজি ব্যবহার করা হয়েছে, যা এমআরএনএ ছাড়াও ডিএনএ, সাবইউনিট, নিষ্ক্রিয় ভাইরাস বা পুনঃসংশ্লেষিত ভাইরাসভিত্তিক টিকা তৈরি করতে সক্ষম। মেধাস্বত্বের গুরুত্ব তুলে ধরে গ্লোব বায়োটেক বলেছে, 'পেটেন্ট অর্জন বাংলাদেশের চতুর্থ শিল্পবিপ্লবেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ প্রযুক্তি ব্যবহার করে দেশেই কার্যকরী ও নিরাপদ টিকা উৎপাদন, সরবরাহ ও রপ্তানি সম্ভব হবে, যা বৈদেশিক মুদ্রা অর্জন এবং ২০২৬ সালে এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়ক হবে।'

## নিজের মতো থ্রিডি পুতুল বানাবেন যেভাবে

(শেষ পৃষ্টার পর)
কাস্টমাইজড ফিগার বানাতে চাইলে '+' বোতাম চাপুন এবং নিজের ছবি বা টেক্সট আপলোড করুন। কয়েক সেকেন্ডের মধ্যেই তৈরি হয়ে যাবে একেবারে অ্যাকশন ফিগারের মতো থ্রিডি মডেল, যেটি আপনি ডাউনলোড বা শেয়ার করতে পারবেন।

## ম্যাচ হারা নিয়ে যা বললেন লিটন

(শেষ পৃষ্টার পর)
উইকেট হারিয়ে ফেলে। পাওয়ারপ্লের ৬ ওভারে ৩ উইকেট হারিয়ে তোলে মাত্র ৩০ রান। পরে টেনেটুনে ১৩৯ রানের পুঁজি দাঁড় করায় বাংলাদেশ। ম্যাচ শেষে ব্যাটিংয়ের শুরুটা নিয়ে হতাশা ঝরেছে অধিনায়ক লিটন দাসের কণ্ঠে। ম্যাচ পরবর্তী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে লিটন বলেন, 'পাওয়ারপ্লেতেই আমরা ম্যাচ হেরে গেছি মনে হয়। উইকেট অনেক ভালো ছিল ব্যাট করার জন্য। ১৭০-১৮০ রান করতে পারলে সুযোগ ছিল। ভালো উইকেটে ১৪০ রান করলে আপনাকে ভালো বোলিং এবং ফিল্ডিং করতে হবে, যা আমরা করতে পারিনি।' আফগানিস্তানের সঙ্গে ম্যাচ অনেকটা কাপ ফাইনালের মতো বলেও মনে করেন বাংলাদেশ অধিনায়ক। তিনি বলেন, 'সেরকমই (ফাইনালের মতো), দেখা যাক।' মাঠে হাজির হয়ে হারের সাক্ষী হওয়া দর্শকদের উদ্দেশে লিটন বলেন, 'সাপোর্টারদের ধন্যবাদ। দেশের বাইরে আমরা খেললেই তারা আমাদের সমর্থন দিতে চলে আসেন। আমি আশা করব তারা আবার এসে আমাদের সাপোর্ট করবেন।'

## লালন সম্রাজ্ঞী ফরিদা পারভীনের

(শেষ পৃষ্টার পর)
কুষ্টিয়ায়। ১৯৭৩ সালে তিনি মোকছেদ আলী সাঁইয়ের কাছ থেকে 'সত্য বল সুপথে চল' গান শেখার মাধ্যমে লালনগীতির তালিম নেন। এরপর খোদা বক্স সাঁই, ব্রজেন দাস, বেহাল সাঁই, ইয়াছিন সাঁই ও করিম সাঁইয়ের কাছে তিনি তালিম গ্রহণ করেন। ফরিদা পারভীনের অবদান শুধু বাংলাদেশে সীমাবদ্ধ ছিল না, বিশ্ব দরবারেও তিনি লালন সাঁইয়ের গান পরিবেশন করেছেন। জাপান, সুইডেন, ডেনমার্ক, কানাডা, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ বহু দেশে তাঁর গানের কণ্ঠে লালনের বাণী পৌঁছেছে। তিনি ১৯৮৭ সালে লালনগীতিতে অসামান্য অবদানের জন্য একুশে পদক অর্জন করেন। এছাড়া ১৯৯৩ সালে 'অন্ধ প্রেম' চলচ্চিত্রের 'নিন্দার কাঁটা' গানের জন্য জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন। ২০০৮ সালে জাপানের ফুকুওয়াকা পুরস্কার পান। তার সঙ্গীত জীবন ও অবদানের কারণে তাকে 'লালন সম্রাজ্ঞী' বলা হয়। কুষ্টিয়া পৌর গোরস্তানের খাদেম নূর ইসলাম জানান, ফরিদা পারভীনের বাবা-মায়ের কবরের পাশে তাকে দাফন করা হয়। বাবা দেলোয়ার হোসেন ১৯৯৬ সালে, মা রৌফা বেগম পরে একই কবরেই দাফন হন। শুক্রবার রাত ১০টা ১৫ মিনিটে রাজধানীর ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় ফরিদা পারভীন মারা যান। কুষ্টিয়া পৌর গোরস্থানে পৌঁছানোর পর জানাজা সম্পন্ন হয় এবং মাগরিবের নামাজের পর মা-বাবার কবরের পাশে তাকে দাফন করা হয়। মৃত্যুকালে ফরিদা পারভীনের বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি স্বামী এবং ৪ সন্তান রেখে গেছেন।

## মিত্রদের রুশ তেল না কেনার আহ্বান

(শেষ পৃষ্টার পর)
যোগ করেন, "আমরা যুক্তরাষ্ট্রের অবস্থান শুনেছি, আর যারা এখনো রাশিয়ার কাছ থেকে আমদানি করছে, তাদেরও এটি শোনা উচিত।" এর আগে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও রুশ তেল বর্জনের আহ্বান জানান। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে তিনি লিখেন, ন্যাটোর সব সদস্য দেশ যদি রাশিয়া থেকে তেল কেনা বন্ধ করে এবং একই ধরনের পদক্ষেপ নেয়, তাহলে তিনি মস্কোর ওপর বড় ধরনের নিষেধাজ্ঞা আরোপ করতে প্রস্তুত। ট্রাম্প বলেন, ন্যাটোর প্রতিশ্রুতি এখনো "শতভাগের অনেক কম" এবং কিছু সদস্য দেশের রুশ তেল কেনা অব্যাহত রাখাকে তিনি "আশ্চর্যজনক" বলে আখ্যা দেন। তিনি প্রস্তাব দেন, ন্যাটো একটি গ্রুপ হিসেবে চীনের ওপর ৫০ থেকে ১০০ শতাংশ শুল্ক আরোপ করুক। ট্রাম্পের দাবি, চীনের রাশিয়ার ওপর শক্ত নিয়ন্ত্রণ ও প্রভাব রয়েছে, যা এই শুল্ক ভেঙে দিতে পারবে। এ প্রসঙ্গে তিনি আরও লিখেন, "এটা ট্রাম্পের যুদ্ধ নয়। আমি প্রেসিডেন্ট হলে এটি কখনো শুরুই হতো না! এটি বাইডেন ও জেলেনস্কির যুদ্ধ। আমি শুধু এটিকে থামাতে এবং হাজারো রুশ ও ইউক্রেনীয় প্রাণ বাঁচাতে সাহায্য করতে এসেছি।"

## পোল্যান্ডে ন্যাটো ও মিত্র দেশগুলোর

(শেষ পৃষ্টার পর)
রাশিয়ান ড্রোন প্রবেশ করে, যার মধ্যে কিছু ভূপাতিত করা হয় এবং বাকিগুলো মাঠে ও একটি বাড়িতে আঘাত করে। ঘটনার প্রেক্ষিতে, পূর্ব পোল্যান্ডের লুবলিন বিমানবন্দর সাময়িকভাবে বন্ধ রাখা হয় এবং স্থলভিত্তিক বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ও গোয়েন্দা তৎপরতা উচ্চ সতর্কতায় রাখা হয়েছে। পোলিশ প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্ক এই পরিস্থিতিকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে সংঘাতের সবচেয়ে কাছাকাছি পরিস্থিতি হিসেবে উল্লেখ করেছেন। ন্যাটো পূর্ব ইউরোপে নিরাপত্তা জোরদার করতে নতুন মিশন চালু করেছে। ইতোমধ্যে ডেনমার্ক, ফ্রান্স ও জার্মানি তাদের যুদ্ধবিমান পাঠিয়েছে। ডেনমার্ক দুইটি এফ-১৬ যুদ্ধবিমান ও একটি যুদ্ধজাহাজ পাঠাবে, ফ্রান্স তিনটি রাফাল যুদ্ধবিমান মোতায়েন করেছে এবং জার্মানি চারটি ইউরোফাইটার পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছে। যুক্তরাজ্যও 'ইস্টার্ন সেন্ট্রি' অভিযানে পূর্ণ সমর্থন দেওয়ার কথা ঘোষণা করেছে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠকেও পোল্যান্ডের প্রতি সমর্থন জানানো হয়েছে। মার্কিন ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত ডরোথি শিয়া বলেন, "আমরা ন্যাটোর প্রতিটি ইঞ্চি রক্ষা করব। পোল্যান্ডের আকাশসীমায় এ ধরনের অনুপ্রবেশ অত্যন্ত উদ্বেগজনক।" পোল্যান্ডের পররাষ্ট্র দপ্তরের সচিব মারসিন বোস্যাকি বৈঠকে ভূপাতিত ড্রোন ও ক্ষতিগ্রস্ত বাড়ির ছবি উপস্থাপন করে বলেন, "এটি কোনো ভুলবশত ঘটনা নয়, আমরা নিশ্চিত।" অপরদিকে, রাশিয়ার রাষ্ট্রদূত ভাসিলি নেবেনজিয়া দাবি করেছেন, ড্রোনগুলো পোল্যান্ডে পৌঁছানোর ক্ষমতা রাখে না এবং পোল্যান্ড পরিস্থিতি উত্তেজনাপূর্ণ করছে।

# এ কোন রূপে সামিরা মাহি

বিনোদন প্রতিবেদক

ছোটপর্দার মিষ্টি প্রেমের গল্পে দেখা যেত সামিরা খান মাহিকে। কিন্তু এবার তাকে এ কোন রূপে দেখা গেল! রীতিমতো আইটেম গার্ল হিসেবে দর্শকের সামনে হাজির হচ্ছেন এই টিভিতারকা। নতুন এক ধারাবাহিকের আইটেম গানে নাচ করতে দেখা যাবে তাকে।
কাঙ্খিত প্রেম ব্যর্থ হয়ে বিরহের আগুনে পুড়ছে এক তরুণী। এমন এক অবস্থার কথা শোনা যাবে মাহির ওই আইটেম গানে। মেগা সিরিয়াল 'খুশবু'র প্রথম পর্বেই থাকবে ওই আইটেম গান। সেখানে মাহির চরিত্র ঢাকাই সিনেমার ব্যস্ত নায়িকা তিতলি মির্জা! জীবনের কঠিন এক মুহূর্তে গ্রাম থেকে শহরে আসা এক তরুণীর নানামুখী সংগ্রাম ঘিরে নতুন এই মেগা সিরিয়ালের গল্প। সাজ্জাদ সুমনের পরিচালনায় ধারাবাহিক 'খুশবু'তে অভিনয় করেছেন ফজলুর রহমান বাবু, গাজী রাকায়েত, ইন্তেখাব দিনার, নাজিয়া হক অর্ষা, মাইমুনা ফেরদৌস মম প্রমুখ। একটি বিশেষ চরিত্রে দেখা যাবে সামিরা খান মাহিকেও। ধারাবাহিকের নামভূমিকায় অভিনয় করেছেন দীপ্ত স্টার হান্ট বিজয়ী মিষ্টি ঘোষ। বিভিন্ন গুরুত্বপূর্ণ চরিত্রে থাকছেন আরেক বিজয়ী সাকিব হোসাইন, টপ পারফর্মার সায়র নিয়োগী, শেখ ফারিয়া হোসেন ও মারিয়া মৌ। কাজী মিডিয়ার প্রযোজনায় নির্মিত 'খুশবু'র গল্প ও চিত্রনাট্য লিখেছেন আহমেদ খান হীরক ও আসফিদুল হক। আগামীকাল ১৫ সেপ্টেম্বর সোমবার থেকে প্রতিদিন সন্ধ্যা সাড়ে ৭টা ও রাত সাড়ে ১০টায় ধারাবাহিকটি দেখা যাবে দীপ্ত টিভি ও দীপ্তর ডিজিটাল প্ল্যাটফর্মে।




**নিউ এভারকেয়ার নার্সিং হোম**
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী), কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ডা. মোঃ সউদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া, এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি. ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা. প্রসূতি ও নারী স্বাস্থ্য, সার্জারি ও সাধারণ চিকিৎসা, উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

**রাবেয়া মেডিকেল সার্ভিসেস**
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG), সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ — অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা। শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা-সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার — গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন — মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা। শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম — ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব) — চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা-দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান — চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা-১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির) — শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা — শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০-বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন — এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা-দুপুর ২টা, বিকেল ৪টা-রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি — ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা-দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম — সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। মাসের প্রথম সোমবার দুপুর ২টা-বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম — জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা-বিকেল ৫টা

**ভাস্কর ডেন্টাল সার্জারী**
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার, মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল, কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

**নাজ জুয়েলার্স**
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

**নিউ মনা জুয়েলার্স**
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০

**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি — এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ। রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম — উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক। রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ — চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ। এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ। রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন — গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন। এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন। রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

**বিসমিল্লাহ্ ফার্মেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

**কাফুর ড্রিংকিং ওয়াটার**
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার, যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন: ০১৯২৩-১২১২৯১, ০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু) — এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো) বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক। রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ — এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভুরসিটি আমেরিকা) রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা — এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা) গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার) রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম — বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার — মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম), রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির — মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা) রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার — স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ — নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য) রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ — মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ১৫ সেপ্টেম্বর ২০২৫ ইং

## মেহেরপুরের তরুণ চিকিৎসকদের সাফল্যে নতুন প্রত্যাশা

৪৮তম বিশেষ বিসিএসে মেহেরপুর জেলার ১১ জন প্রার্থী স্বাস্থ্য ক্যাডারের সহকারী সার্জন পদে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। এটি শুধু তাদের ব্যক্তিগত অর্জন নয়, বরং জেলার সামগ্রিক গৌরব ও সম্ভাবনার প্রতিফলন। বিশেষ করে গাংনী উপজেলার ৯ জন প্রার্থীর সাফল্য প্রমাণ করে, সীমান্তবর্তী এ অঞ্চলের তরুণরা মেধা ও পরিশ্রম দিয়ে জাতীয় পর্যায়ে নিজেদের স্থান করে নিতে সক্ষম। বর্তমানে দেশের অন্যতম বড় চ্যালেঞ্জ হলো স্বাস্থ্যসেবার বিস্তার ও মান উন্নয়ন। প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসক সংকট ও সেবার ঘাটতি আজও একটি বাস্তবতা। মেহেরপুরের এই নতুন সহকারী সার্জনরা যদি নিজ জেলা ও অঞ্চলে থেকে সেবা প্রদান করেন, তবে নিঃসন্দেহে স্বাস্থ্য খাতে ইতিবাচক পরিবর্তন আসবে। তাদের এই অর্জন নতুন প্রজন্মের শিক্ষার্থীদেরও অনুপ্রাণিত করবে। একই সঙ্গে পরিবার ও সমাজের সমর্থন যে সাফল্যের পথকে সুগম করে, সেটিও এই ফলাফলে স্পষ্টভাবে প্রতিফলিত। আমাদের প্রত্যাশা নতুন প্রজন্মের চিকিৎসকরা শুধু চাকরির জন্য নয়, মানুষের সেবাকে অগ্রাধিকার দেবেন। আধুনিক চিকিৎসা জ্ঞান ও মানবিক মূল্যবোধে সমৃদ্ধ হয়ে তারা সমাজ ও জাতির সেবক হয়ে উঠবেন। মেহেরপুরের এই সাফল্য হোক সারাদেশের তরুণদের জন্য প্রেরণা, আর সুস্থ, সুন্দর বাংলাদেশের ভিত্তি।

## মানবাধিকারে অবদানের জন্য সাউথ

(প্রথম পৃষ্টার পর)

নিশ্চয়তা। স্কুল জীবন থেকেই সামাজিক কাজে যুক্ত তিনি। পুরস্কার গ্রহণের পর এক আবেগঘন মুহূর্তে শাহী আল সাদাত বললেন, "আমি এই সম্মাননা উৎসর্গ করছি আমার বাবা মোহা: শফিকুল ইসলামকে। বাবা-ই আমার অনুপ্রেরণার প্রধান উৎস।" সাদাতের বাবা ও মা দুজনই প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক। সাধারণ পরিবারে বেড়ে ওঠা এই মেধাবী তরুণের বড় হওয়ার গল্পও সাধারণ নয়। তাঁর মা মোছাঃ সুরাইয়া আক্তার জানান, ছোটবেলা থেকেই ছেলের ভেতর অন্যের জন্য কিছু করার তীব্র আগ্রহ ছিল। এটি সাদাতের প্রথম আন্তর্জাতিক সম্মাননা নয়। এর আগে তিনি আরও একটি আন্তর্জাতিক পুরস্কার এবং সাতটি জাতীয় পুরস্কার অর্জন করেছেন। অল্প বয়সেই এতগুলো সম্মাননা অর্জন তাঁর জীবনে এক বিশেষ মাইলফলক হয়ে থাকবে। বর্তমানে তিনি ঢাকার সেন্ট জোসেফ হায়ার সেকেন্ডারি স্কুলের একাদশ শ্রেণির শিক্ষার্থী। কলেজ জীবন শুরু করার মাত্র দুই সপ্তাহের মাথায় আন্তর্জাতিক এ স্বীকৃতি তাঁর ভবিষ্যৎ স্বপ্নকে আরও শক্ত ভিত্তি দিয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি ফয়সাল মাহমুদ ফাইজী। সভাপতিত্ব করেন সাউথ এশিয়ান সোশ্যাল কালচারাল ফোরামের উপদেষ্টা ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী শেখ মো. আমির হামজা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইবিএআইএস বিশ্ববিদ্যালয় উপাচার্য ও ট্রেজারার প্রফেসর মোহাম্মদ আহসান উল্লাহ, বাংলাদেশ নির্বাচন কমিশনের সাবেক সচিব ড. মোহাম্মদ জকরিয়া, অর্থ মন্ত্রণালয় সাবেক অতিরিক্ত সচিব পীরজাদা শহীদুল হারুন, এটিএন বাংলা উপদেষ্টা (ইভেন্টস),তাশিক আহমেদ, সেন্টার ফর গ্লোবাল এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট নির্বাহী পরিচালক ড. মো. আব্দুল ওয়াহাব, রোহিঙ্গা রিপ্যাট্রিয়েশন স্ট্রাগল কমিটির সেক্রেটারি জেনারেল, এম. গফুর উদ্দিন চৌধুরী রাষ্ট্রিকা সাহিত্য প্রতিষ্ঠান নেপালের প্রেসিডেন্ট ঋশভ দেব গিমরে, কলকাতা কাজী নজরুল গবেষক ড. দীপা দাস।সন্ধ্যার আলো-ঝলমলে পরিবেশে মঞ্চে যখন সাদাতকে সম্মাননা প্রদান করা হয়, উপস্থিত দর্শকরাও দাঁড়িয়ে হাততালি দিয়ে তাঁর এই অর্জনকে অভিনন্দিত করেন। স্থানীয় শিক্ষক-শিক্ষার্থীদের কাছে সাদাত এখন গর্বের প্রতীক। বন্ধুরা তাঁকে শুধু সহপাঠী নয়, একজন অনুপ্রেরণাদায়ী চরিত্র হিসেবে দেখে। অনেকেই বিশ্বাস করেন, মেহেরপুরের ইতিহাসে তাঁর নাম যুক্ত হবে এক উজ্জ্বল অধ্যায়ে।

## বাংলাদেশে ভূমিকম্প অনুভূত

(প্রথম পৃষ্টার পর)

রেকর্ড আছে। তবে রাজধানী ঢাকা ছাড়া বাংলাদেশের আর কোথাও ভূমিকম্প অনুভূত হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, 'বাংলাদেশের আবহাওয়া অফিসের পক্ষে দেশে দেশের কোথায় কোথায় অনুভূত হয়েছে, এটা বলা যায় না। যেহেতু আসামে হয়েছে, তাই সিলেট, ময়মনসিংহ, মৌলভীবাজার এসব এলাকায় অনুভূত হয়েছে বলা যায়।

## মুজিবনগরে নারী মারধরের অভিযোগ

(প্রথম পৃষ্টার পর)

খাতুনকে প্রায় সময় কু-প্রস্তাব দিয়ে চাঁদা দাবি করতেন। প্রস্তাবে রাজি না হওয়ায় শুক্রবারও তিনি কবিতা খাতুনকে কু-প্রস্তাব দেন। পরিবারের অন্য সদস্যদের সঙ্গে বিষয়টি শেয়ার করলে শনিবার সকালে মফিজুলের নেতৃত্বে তার ছেলে মমিন, স্ত্রী ডলি আক্তার ও মোছাঃ সাবু কবিতা খাতুনের বাড়িতে প্রবেশ করে তাকে গালিগালাজ ও মারধর করেন। বাধা দিতে গিয়ে কবিতা খাতুনের ছোট শশুর বাদশা ও ননদের ছেলে আসিফকেও ইট ও বাঁশের লাঠি দিয়ে আঘাত করা হয়। বাদশা বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, কবিতা খাতুনের লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## যতারপুর স্মৃতি ফুটবল: বাঁশবাড়িয়া

(প্রথম পৃষ্টার পর)

দ্বিতীয়ার্ধে সায়িম, বায়োজিদ এবং নাটুদাহর মার্কো গোল শুট করেন। বিজয়ী দলের হামজা 'ম্যান অব দ্যা ম্যাচ' এবং সায়িম 'সেরা খেলোয়াড়' নির্বাচিত হন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টুর্নামেন্ট কমিটির সদস্য ও আবুল হায়াত মডেল স্কুলের সাবেক প্রধান শিক্ষক ইকবাল হোসেন, যতারপুর মাদ্রাসার সহকারী শিক্ষক আনোয়ার হোসেন এবং মরহুম মাদার আলীর নাতনী হৃদয় বিশ্বাস। তারা ম্যান অব দ্যা ম্যাচ ও সেরা খেলোয়াড়ের পুরস্কার তুলে দেন।

## মেহেরপুরে জেলা প্রশাসনের তিন

(প্রথম পৃষ্টার পর)

মোহাম্মদ আবদুল ছালাম। এ সময় উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সুপার ডা. সাহারিয়া শায়লা জাহান, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আলম, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুস সাত্তার, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মহিবুর রহমান, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মনির, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আবদুর রাহীম, জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, পিপি সাইদুর রাজ্জাক, বিজিবি প্রতিনিধি মিজানুর রহমান, কোর্ট পুলিশ পরিদর্শক জিয়াউদ্দিন, প্রভেশন কর্মকর্তা মোঃ মিজানুর রহমান, সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল লতিফ, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সদর উপজেলা সভাপতি শফিকুল ইসলাম মিন্টু, পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন, জেলা শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এমাম বকুল, জেলা মহিলা দলের সানেনেত্রী সায়েদতুননচ্ছা নয়ন, পৌর সভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জাহিদুর রহমান, সদর উপজেলা সিনিয়র সহকারী মৎস্য কর্মকর্তা মীর জাকির হোসেন প্রমুখ। সভাগুলোতে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, সীমান্তবর্তী এলাকায় চোরাচালান প্রতিরোধ এবং মানব পাচার রোধে বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

উম্মে তানিয়া অনুরাগী



## মজুরি বৈষম্যের শিকার হচ্ছে মেহেরপুরের নারী শ্রমিকরা

মেহেরপুরসহ সারাদেশের কৃষি ও শ্রমঘন এলাকায় নারীরা আজও মজুরি বৈষম্যের শিকার। মাঠে-ঘাটে, ইটভাটায় কিংবা গৃহশ্রমে নারীরা পুরুষের সমান শ্রম দিচ্ছেন, কিন্তু মজুরি পাচ্ছেন তুলনামূলকভাবে কম। এ বৈষম্য শুধু আর্থিক নয়, এটি সামাজিক বৈষম্যের প্রতিফলনও বটে।মেহেরপুরের কৃষিখাতে নারীদের অবদান অনস্বীকার্য। রোপণ, আগাছা পরিষ্কার, শস্য কাটা ও ধান মাড়াইয়ের মতো কঠিন কাজেও নারী-রা সমানভাবে অংশ নেন। অথচ একজন পুরুষ শ্রমিক যেখানে দিনে ৬০০-৭০০ টাকা পান, সেখানে নারী শ্রমিক পান সর্বোচ্চ ৪০০-৪৫০ টাকা। একই মাঠে একই কাজ করেও এ অযৌক্তিক পার্থক্য কেবল লিঙ্গ বৈষম্যের কারণেই বিদ্যমান। অন্যদিকে, ইটভাটা কিংবা নির্মাণশ্রমে নারীদের মজুরি আরও কম। তারা ঘণ্টার পর ঘণ্টা ইট বহন করছেন, কাদা মাখছেন, তবু পুরুষের তুলনায় প্রায় এক-তৃতীয়াংশ কম পারিশ্রমিক পাচ্ছেন। এর ফলে নারীরা পরিবারে অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণে পিছিয়ে পড়ছেন। শিশুদের শিক্ষা, স্বাস্থ্যসেবা কিংবা পুষ্টি নিশ্চিত করা কঠিন হয়ে উঠছে। সরকারি নীতিমালা ও শ্রম আইন স্পষ্টভাবেই সমান কাজের জন্য সমান মজুরির নিশ্চয়তা দিয়েছে। কিন্তু মাঠপর্যায়ে সেই আইন কার্যকর হচ্ছে না। স্থানীয় প্রশাসন, শ্রম অফিস কিংবা ইউনিয়ন পরিষদগুলোও যথেষ্ট কার্যকর ভূমিকা রাখছে না। ফলে নারী শ্রমিকদের অবদান আড়ালে পড়ে যাচ্ছে, আর বৈষম্য দিন দিন প্রাতিষ্ঠানিক রূপ নিচ্ছে। এ বৈষম্যের সমাধানে প্রথমেই দরকার সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। নারী শ্রমকে অবমূল্যায়ন না করে যথাযথ স্বীকৃতি দিতে হবে। একইসঙ্গে স্থানীয় প্রশাসনকে মজুরি নির্ধারণে কঠোর নজরদারি চালাতে হবে। নারী শ্রমিকদের সংগঠিত করে ইউনিয়ন বা শ্রমজোটে সম্পৃক্ত করা হলে তাদের কণ্ঠস্বর আরও জোরালো হবে। মেহেরপুরসহ দেশের প্রত্যন্ত অঞ্চলে নারীরা শুধু পরিবারের ভরণপোষণ নয়, কৃষি ও শিল্প অর্থনীতির গুরুত্বপূর্ণ চালিকাশক্তি। তাই তাদের ন্যায্য মজুরি নিশ্চিত করা শুধু মানবিক দায়িত্ব নয়, জাতীয় অর্থনৈতিক অগ্রগতির জন্যও অপরিহার্য।(শিক্ষক ও নারী উদ্যোক্তা)

# সততার সাহস : ভুল স্বীকারের মর্যাদা

সাখাওয়াত উল্লাহ

মানুষ ভুল করে কখনো জেনে, কখনো না জেনে; কখনো ইচ্ছায়, কখনো অনিচ্ছায়। ভুল করা মানুষের সহজাত প্রবণতা। কিন্তু ভুলের পরও তাতে অটল থাকা বা তা স্বীকার না করা অহংকারের লক্ষণ। এই অহমিকা ধ্বংস ডেকে আনে। বিপরীতে, ভুল স্বীকার করে অনুতপ্ত হওয়া এক মহৎ গুণ, যা মানুষকে অগ্রগতির পথে এগিয়ে নেয়। যখন কেউ সাহসিকতার সঙ্গে নিজের ভুল স্বীকার করে এবং ক্ষমা প্রার্থনা করে, তখন তা অন্যদের চোখে তার মর্যাদা আরও বাড়ায়। যদিও সাময়িকভাবে কিছুটা অস্বস্তি হয়, কিন্তু এর ফলাফল হয় দীর্ঘমেয়াদি ও কল্যাণকর। আবু দারদা (রা.) বর্ণনা করেনড়একবার আবু বকর (রা.) ও ওমর (রা.)-এর মধ্যে বিতর্ক হয়। আবু বকর (রা.) ওমর (রা.)-কে রাগান্বিত করলে তিনি চলে যান। আবু বকর (রা.) ক্ষমা চাইতে তাঁর পিছু নিলেন, কিন্তু ওমর (রা.) ক্ষমা না করে দরজা বন্ধ করে দিলেন। পরে আবু বকর (রা.) নবী করিম (সা.)-এর কাছে গেলে তিনি বললেনড়"তোমাদের সঙ্গী আবু বকর আগে কল্যাণ লাভ করেছে।" ভুল স্বীকার করা দুর্বলতা নয়; বরং এটি দৃঢ় নৈতিকতার প্রমাণ। মহানবী (সা.) বলেছেন "প্রত্যেক মানুষ ভুল করে, আর সর্বোত্তম ভুলকারী হলো যে অনুতপ্ত হয়।" ভুল স্বীকার করার বড় ফল হলো আল্লাহর ক্ষমা অর্জন। কোরআনে বলা হয়েছেড়"কিছু লোক আছে, যারা নিজেদের অপরাধ স্বীকার করেছে। তারা ভালো-মন্দ কাজ মিশিয়ে ফেলেছে। আল্লাহ অবশ্যই তাদের তওবা কবুল করবেন। নিশ্চয়ই তিনি অতিক্ষমাশীল, দয়াবান। আদম (আ.) ও হাওয়া (আ.) নিষিদ্ধ ফল খাওয়ার পর অনুতপ্ত হয়ে বলেছিলেনড়"হে আমাদের রব! আমরা নিজেদের প্রতি জুলুম করেছি। আপনি যদি আমাদের ক্ষমা না করেন ও দয়া না করেন, তবে আমরা ক্ষতিগ্রস্ত হব।" ইউনুস (আ.) মাছের পেটে বন্দি অবস্থায় অনুতপ্ত হয়ে প্রার্থনা করেছিলেনড়"তুমি ছাড়া কোনো ইলাহ নেই। তুমি পবিত্র। নিশ্চয়ই আমি সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত।" অপরদিকে ইবলিস অহংকার করে নিজের ভুল স্বীকার করেনি, বরং আল্লাহর সঙ্গে বিতর্কে লিপ্ত হয়ে চিরদিনের জন্য অভিশপ্ত হয়েছে। ভুল স্বীকার করা নবীদের গুণ, আর ভুলে অটল থাকা শয়তানের বৈশিষ্ট্য। তাই সৎ সাহসিকতার পরিচয় দিতে হলে আমাদের উচিত নিজের ভুল অকপটে স্বীকার করা, অনুতপ্ত হওয়া এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা। এ পথেই আছে মর্যাদা, সম্মান ও মুক্তি।

## দৌলতপুর বিএনপিকে সুস্থ ধারায়

(প্রথম পৃষ্টার পর)

সভাপতি ও ২০০৮ সালে বিএনপির মনোনীত প্রার্থী আলহাজ আলতাফ হোসেন। এছাড়া উপস্থিত ছিলেন সদ্য সাবেক উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সদস্য সচিব শহীদ সরকার মঙ্গল, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের কেন্দ্রীয় নেতা অ্যাডভোকেট রমজান আলী এবং উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি ও সাবেক যুগ্ম আহবায়ক নুরুজ্জামান হাবলু মোল্লা। বৈঠকে আগামী নির্বাচনকে ঘিরে সাংগঠনিক পরিকল্পনা, প্রার্থী বাছাইয়ের নীতিমালা এবং তৃণমূল পর্যায়ে দলকে সুদৃঢ় করার বিষয়গুলো নিয়ে গুরুত্বপুর্ণ আলোচনা হয়েছে। বৈঠকের পর আলহাজ আলতাফ হোসেন বলেন, "দীর্ঘদিন ধরে বিএনপির রাজনীতিতে যুক্ত থাকলেও সদ্য অনুষ্ঠিত সম্মেলনে আমাদের উপেক্ষা করে একটি পকেট কমিটি গঠন করা হয়েছে। আমরা পূর্ব থেকেই সেই কমিটিকে বয়কট করেছি।"

## এসপি গৌতম কুমারকে চুয়াডাঙ্গায়

(প্রথম পৃষ্টার পর)

চিহ্নিত। তিনি পাবনা ও ঢাকায় চাকরিরত অবস্থায় সাধারণ মানুষের ওপর বিভিন্নভাবে নির্যাতন চালিয়েছেন। এমনকী জুলাই আন্দোলনে সাধারণ শিক্ষার্থীদের ওপর তিনি হামলা চালান বলেও অভিযোগ রয়েছে। বক্তারা বলেন, এমন একজন পুলিশ অফিসারকে চুয়াডাঙ্গার মানুষ মেনে নিবে না। চুয়াডাঙ্গাবাসী কোন ফ্যাসিস্ট চায় না, মানবিক পুলিশ সুপার চায়। অনতিবিলম্বে এই আদেশ প্রত্যাহারের দাবি জানান তারা।মানববন্ধনে বক্তব্য রাখেন এবি পার্টির সভাপতি আলমগীর হোসেন, এনসিপির যুগ্ম সমন্বয়কারী সমির হোসেন, নয় নম্বর ওয়ার্ড পৌর জামায়াতের সভাপতি শরিফ হাসান, দুই নম্বর ওয়ার্ড সভাপতি নুরুজ্জামান, পাঁচ নম্বর ওয়ার্ডের সভাপতি আমিরুল ইসলাম, চার নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন, রফিউল কাদির ও সুমন রেজা। গত ১১ সেপ্টেম্বর বৃহস্পতিবার এক প্রজ্ঞাপনে ডিএমপির মিরপুর জোনের ডিসি গৌতম কুমার বিশ্বাসকে পুলিশ সুপার হিসেবে চুয়াডাঙ্গায় পদায়ন করা হয়।

## কুষ্টিয়ায় বিজিবির অভিযান

(প্রথম পৃষ্টার পর)

হামিদ এর নেতৃত্বে পরিচালিত অভিযানে ১০,৮০০ প্যাকেট নকল বিড়ি আটক করা হয়। এর আনুমানিক সিজার মূল্য ৫ লাখ ৯৪ হাজার টাকা। এছাড়া, ১৪ সেপ্টেম্বর ভোরে মহিষকুন্ডি বিওপি'র দায়িত্বপূর্ণ হাতিশালা মোড় এলাকায় হাবিলদার মোঃ আলমগীর আজাদের নেতৃত্বে পরিচালিত অভিযানে ভারতীয় ২৫০ পিস ইয়াবা ট্যাবলেট, ২ বোতল মদ ও ১০ বোতল ফেন্সিডিল আটক করা হয়। এর আনুমানিক মূল্য ধরা হয়েছে ৮২ হাজার টাকা। দুই অভিযানে উদ্ধারকৃত মালামালের মোট সিজার মূল্য দাঁড়িয়েছে ৬ লাখ ৭৬ হাজার টাকা। আটককৃত মাদকদ্রব্য ধ্বংসের উদ্দেশ্যে ব্যাটালিয়ন সিজার স্টোরে জমা এবং নকল বিড়ি কাস্টমস অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে. কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি, জানিয়েছেনড়সীমান্ত এলাকায় মাদক ও সব ধরনের অবৈধ চোরাচালান প্রতিরোধে বিজিবি কঠোর অবস্থানে রয়েছে।

## পাঁচ দফা দাবিতে খেলাফত

(প্রথম পৃষ্টার পর)

আগামী নির্বাচনে সবার জন্য সমান সুযোগ (লেভেল প্লেয়িং ফিল্ড) নিশ্চিত করা, সংসদের উচ্চকক্ষে প্রতিনিধি নির্বাচনে সংখ্যানুপাতিক পদ্ধতি (পিআর) চালু করা, জুলাই গণহত্যার বিচার প্রক্রিয়া দৃশ্যমান করা। খেলাফত মজলিশ জানায়, এসব দাবির বিষয়ে জামায়াতে ইসলামী ও এনসিপিসহ সাতটি দলের সঙ্গে যুগপৎ কর্মসূচির আলোচনা চলছে। তবে এ নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। লিখিত বক্তব্যে আমির মাওলানা মামুনুল হক বলেন, "আমাদের এই পাঁচ দফা শুধু রাজনৈতিক দাবি নয়; এটি বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, ইসলামী মূল্যবোধ ও ভবিষ্যৎ রক্ষার আন্দোলন।"

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন দলটির মহাসচিব মাওলানা জালালুদ্দীন আহমদ, সিনিয়র নায়েবে আমির ইউসুফ আশরাফ, যুগ্ম মহাসচিব তোফাজ্জল হোসেন ও আতাউল্লাহ আমীন, সাংগঠনিক সম্পাদক এনামুল হক মূসা এবং প্রচার সম্পাদক হাসান জুনাইদ প্রমুখ।

## জামায়াতের সঙ্গে কর্মসূচিতে যাচ্ছে না

(প্রথম পৃষ্টার পর)

দল নিষিদ্ধের দাবিতে আলাদা কর্মসূচি ঘোষণা করবে বাকি দলগুলো। এনসিপির সূত্রে জানা যায়, ধর্মভিত্তিক কোনো দলের সঙ্গে জোট বা আন্দোলনে অংশ নেওয়ার বিষয়ে দলের একটি অংশ অনাগ্রহী। সরকারের দুইজন ছাত্র উপদেষ্টাও এ ব্যাপারে দ্বিমত পোষণ করেছেন। উপদেষ্টা মাহফুজ আলম সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ইঙ্গিতপূর্ণ পোস্টে লেখেন, 'বাংলাদেশের রাজনৈতিক পরিসরে আরেকটি মওদুদীবাদী প্রক্সি দলের প্রয়োজন নেই।' তবে এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব এবং সদস্য সচিব আখতার হোসেন জানিয়েছেন, আনুষ্ঠানিকভাবে কোনো জোট বা যুগপৎ আন্দোলনের সিদ্ধান্ত নেয়নি এনসিপি। শনিবার জামায়াত, ইসলামী আন্দোলন, এনসিপি, এবি পার্টি, গণঅধিকার পরিষদ, বাংলাদেশ খেলাফত মজলিস, নেজামে ইসলাম পার্টি ও খেলাফত মজলিসের নেতারা বৈঠকে বসেন। বৈঠকে পাঁচটি দাবির ভিত্তিতে যুগপৎ আন্দোলনের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। তবে চূড়ান্ত সিদ্ধান্ত না আসা পর্যন্ত সমঝোতার বিষয়টি গোপন রাখার সিদ্ধান্ত নেয়া হয়। দলগুলো সংস্কার ও নির্বাচন-পূর্ব জুলাই সনদ বাস্তবায়ন, জুলাই গণহত্যার বিচার, নির্বাচনী লেভেল প্লেয়িং ফিল্ড এবং জাতীয় পার্টি ও ১৪ দল নিষিদ্ধের দাবি তোলে। তবে পিআর পদ্ধতি নিয়ে ভিন্নমত থাকায় এটি বাধ্যতামূলক দাবি হিসেবে রাখা হয়নি। বৈঠকে সিদ্ধান্ত হয়, প্রতিটি দল নিজেদের অবস্থান ও কর্মসূচি আলাদাভাবে ঘোষণা করবে। আজ রবিবার সংবাদ সম্মেলন করবে মাওলানা মামুনুল হকের নেতৃত্বাধীন খেলাফত মজলিস। ইসলামী আন্দোলন সোমবার কর্মসূচি জানাতে পারে। এবি পার্টি ১৭ সেপ্টেম্বর তাদের চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জুর দেশে ফেরার পর কর্মসূচি ঘোষণা করবে। গণঅধিকার পরিষদ জানিয়েছে, তারা উচ্চকক্ষে পিআরের পক্ষে থাকলেও বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনে যুক্ত রয়েছে, তাই জামায়াতের সঙ্গে সমন্বয় সম্ভব নয়। তবে জুলাই সনদ বাস্তবায়ন ও জাতীয় পার্টিকে নিষিদ্ধ করার মতো দাবিতে তারা একমত। জামায়াত ও ইসলামী আন্দোলন সংসদের উভয় কক্ষে পিআর চাইলেও বিএনপি কোনো কক্ষেই এতে রাজি নয়। বিএনপির অবস্থান, জুলাই সনদের সংস্কার পরবর্তী সংসদে বাস্তবায়ন করা হবে। অন্যদিকে বৈঠকে অংশ নেওয়া আট দল বলেছে, জুলাই সনদ ছাড়া নির্বাচন হতে দেওয়া হবে না।

## চুয়াডাঙ্গায় নিয়ম বহির্ভূতভাবে সার

(প্রথম পৃষ্টার পর)

মেসার্স শিশির ট্রেডার্সকে ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। একই সঙ্গে প্রতিষ্ঠানটিকে সরকার নির্ধারিত দামে সার বিক্রি, সঠিকভাবে রেজিস্টার সংরক্ষণ এবং নিয়ম মেনে ব্যবসা পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়েছে।

## ৮ মাসে ৪৪৫ মামলা নিষ্পত্তি

(প্রথম পৃষ্টার পর)

বলেন, ফ্যাসিস্ট আমলে সাক্ষী আসলেও আদালত নেয়নি। এখন সবাইড়সরকারি কৌঁসুলি থেকে পেশকারড্রুত সমন পাঠাচ্ছে। বর্তমানের দ্রুত ও স্বচ্ছ বিচারপ্রক্রিয়ার আশা ও ইতিবাচক পরিবর্তনের প্রতিফলনও ফুটে উঠেছে। আদালতের সঙ্গে সরকারি কর্মকর্তাদের সমন্বয় এবং বিচারকের আন্তরিকতার মিলেই এখন দ্রুততর ও কার্যকর বিচার সম্ভব হচ্ছে। বিচারকের সদিচ্ছা ও আন্তরিকতা ছাড়া এটা সম্ভব হতো না।" জেলা আইনজীবী সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজন জানান,

"আমাদের উপর চাপ বাড়লেও, দ্রুত মামলা নিষ্পত্তির স্বার্থে আমরা সবসময় প্রস্তুত। এতদূর এগোনোর পেছনে আইনজীবীদের উদ্যমও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এটি সত্যিই নজিরবিহীন সাফল্য।" এছাড়া জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আহ্বায়ক আসাদুল আযম খোকন যোগ করেন, "আগে ন্যায্য বিচার পাওয়া ছিল আলাদীনের চেরাগের মতো দুরূহ। এখন মানুষ দ্রুত ন্যায্য বিচার পাচ্ছে, এবং এর ফলে আদালতের প্রতি আস্থা অনেক বেড়েছে।" মেহেরপুরের মুখ্য বিচারিক হাকিম আদালতের এই রেকর্ড শুধু সংখ্যার নয়, আস্থারও প্রতীক। দ্রুত সাক্ষ্যগ্রহণ আর মামলার নিষ্পত্তি মানুষকে ফিরিয়ে দিচ্ছে ন্যায়বিচারের ভরসা।

## হনুমানের খাদ্যসংকট : বনভূমি

(প্রথম পৃষ্টার পর)

গেড়েছে এই বিপন্ন প্রাণী। মেহেরপুর বন বিভাগ জানায়, বর্তমানে জেলায় আনুমানিক ২৩০টি কালোমুখী হনুমান রয়েছে। ২০২১-২২ অর্থবছর থেকে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত প্রতিবছর ৫ লাখ টাকা বরাদ্দ ছিল এদের খাদ্যের জন্য। সেই বরাদ্দে ঠিকাদারের মাধ্যমে হনুমানদের জন্য নির্দিষ্ট খাবার সরবরাহ করা হতো। তবে গত বছর থেকে বরাদ্দ পুরোপুরি বন্ধ হয়ে যায়। ফলে খাবারের জন্য এরা ছুটছে লোকালয়ে। ভারপ্রাপ্ত বন কর্মকর্তা এসটি হামিম হায়দার বলেন, "বরাদ্দ বন্ধ হয়ে যাওয়ায় এখন আর খাবার দেওয়া সম্ভব হচ্ছে না। ফলে হনুমানগুলো শহরমুখী হচ্ছে। এতে মানুষের জন্যও ঝুঁকি তৈরি হচ্ছে।" স্থানীয় কৃষকরা জানান, গত এক দশকে সীমান্তবর্তী সদর, মুজিবনগর ও গাংনী উপজেলার গ্রামীণ বনভূমি কেটে সেখানে তৈরি হয়েছে কৃষিজমি ও ইটভাটা। কেটে ফেলা হয়েছে শিমুল, আম, জাম, কাঁঠালসহ বিভিন্ন ফলজ গাছ, যা ছিল হনুমানদের প্রধান খাদ্য উৎস। ফলে তারা বনে টিকে থাকতে না পেরে বাধ্য হচ্ছে লোকালয়ে প্রবেশ করতে। মেহেরপুর শহরের বাসিন্দা মৌসুমি ঢালি জানান, "প্রতিদিনই ছাদে দল বেঁধে আসে কালোমুখী হনুমান। বাড়িতে থাকা রুটি-বিস্কুট খেতে দিই। পথচারীরাও অনেক সময় তাদের খাবার দেয়।" তবে প্রাণিবিদদের মতে, এই অভ্যাস দীর্ঘমেয়াদে ক্ষতিকর। কারণ, প্রাকৃতিক খাদ্য থেকে বিচ্ছিন্ন হয়ে তারা মানুষের উপর নির্ভরশীল হয়ে উঠছে। মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রাণিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক সাদিয়া ইসলাম বলেন, "কালোমুখী হনুমান কেবল একটি প্রাণি নয়, এটি পুরো বাস্তুতন্ত্রের অংশ। যদিও তারা লোকালয়ের প্রাণি নয়, কিন্তু খাদ্য সংকটে পড়লে বাধ্য হয়ে শহরে আসে। সরকার চাইলে খুব সহজেই সীমিত খরচে তাদের জন্য খাবার ও বসবাস উপযোগী অঞ্চল তৈরি করতে পারে। সামাজিক সংগঠনগুলোকেও এগিয়ে আসতে হবে।" বিশেষজ্ঞদের মতে, বন্যপ্রাণীর নিরাপদ আবাস গড়ে তোলা ও প্রাকৃতিক খাদ্য উৎস ফিরিয়ে আনা এখন জরুরি। প্রয়োজনে বনভূমি পুনর্গঠন, ফলজ গাছ রোপণ ও নিয়মিত খাদ্য সরবরাহের ব্যবস্থা করা যেতে পারে। নইলে ক্রমশ মানুষ ও প্রাণীর মধ্যে সংঘাত বাড়তে থাকবে।

## মেহেরপুরে বিদ্যুৎপৃষ্ট হয়ে স্কুলছাত্রের

(প্রথম পৃষ্টার পর)

তাৎক্ষণিকভাবে স্থানীয়রা তাকে উদ্ধার করে পার্শ্ববর্তী একটি ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

## হাজরি বিঘা জলাবদ্ধ জমি উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

হাজার বিঘা জমি কয়েক মাস ধরে পানি বন্দি, যা ফসলের জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে। বারবার উপজেলা প্রশাসন এবং জনপ্রতিনিধিদের কাছে মৌখিক ও লিখিতভাবে অভিযোগ জানালেও কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। সরকারি খালের দখল নিয়ে ক্ষোভ প্রকাশ করেন তেরাইল ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো। তিনি বলেন, "কয়েকজন ব্যক্তি সরকারি খাল দখল করে পুকুর নির্মাণ করেছে। যদি খালের পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয়, তবে হাজার বিঘা জমি উদ্ধার সম্ভব। দ্রুত পদক্ষেপ নেওয়া দরকার।" মানববন্ধন শেষে কৃষকরা জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি দেন। জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল সালাম তা গ্রহণ করেন এবং বিষয়টি সমাধানের প্রতিশ্রুতি দেন।

## নেপালে জেনজি বিক্ষোভে নিহতদের শহীদ ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

রক্তক্ষয়ী জেনজি বিক্ষোভের পর অবশেষে রাজনৈতিক অচলাবস্থার অবসান ঘটেছে নেপালে। আজ রোববার অন্তর্বর্তী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন সুপ্রিম কোর্টের সাবেক প্রধান বিচারপতি সুশীলা কার্কি। দায়িত্ব নেওয়ার আগে সকালে তিনি রাজধানী কাঠমান্ডুর লাইনছউরের শহীদ স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন। দায়িত্ব গ্রহণের দিনই প্রধানমন্ত্রী কার্কি বিক্ষোভে নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার ঘোষণা দেন। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, প্রতিটি নিহত পরিবারের জন্য ১০ লাখ রুপি করে আর্থিক সহায়তা দেওয়া হবে। একইসঙ্গে নিহতদের 'শহীদ' হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। সরকার জানায়, জেনজি বিক্ষোভে আহত ১৩৪ জন আন্দোলনকারী এবং ৫৭ জন পুলিশ সদস্যকে বিনামূল্যে চিকিৎসা সেবা দেওয়া হবে। পাশাপাশি বিক্ষোভকালে সৃষ্ট ক্ষয়ক্ষতির বিস্তারিত প্রতিবেদন তৈরির নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ। সরকারি হিসাব অনুযায়ী, এ পর্যন্ত বিক্ষোভে মোট ৭২ জন নিহত হয়েছেন। এর মধ্যে ৫৯ জন আন্দোলনকারী, ১০ জন বন্দি এবং ৩ জন পুলিশ সদস্য রয়েছেন।

## জিম্মিদের মুক্তির পথে বাধা নেতানিয়াহু: পরিবারগুলোর অভিযোগ

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় হামাসের হাতে থাকা ইসরাইলি বন্দিদের মুক্তির ক্ষেত্রে প্রধান বাধা হচ্ছেন দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুড় এমন অভিযোগ তুলেছেন জিম্মিদের পরিবারগুলো। খবর বিবিসির। ইসরাইলি জিম্মিদের পরিবার নিয়ে গঠিত একটি ফোরাম সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছে, "ইসরাইলের গত সপ্তাহের কাতার আক্রমণ প্রমাণ করেছে, প্রতিবার যখন শান্তিচুক্তির সুযোগ তৈরি হয়, নেতানিয়াহু নিজেই তা ভেঙে দেন।" গত সপ্তাহে ইসরাইল কাতারের রাজধানী দোহায় হামাসের শীর্ষ নেতাদের লক্ষ্য করে বিমান হামলা চালায়। এতে হামাসের পাঁচ সদস্য এবং একজন কাতারি নিরাপত্তা কর্মকর্তা নিহত হন। শনিবার (১৩ সেপ্টেম্বর) নেতানিয়াহু বলেছেন, কাতারে হামাস নেতাদের ধ্বংস করলে "বন্দিদের মুক্তি ও যুদ্ধের সমাপ্তির প্রধান বাধা দূর হবে।" তবে জিম্মিদের পরিবারগুলো এই বক্তব্যকে "প্রিয়জনদের ঘরে ফেরাতে ব্যর্থ হওয়ার সর্বশেষ অজুহাত" বলে আখ্যায়িত করেছে। তাদের দাবি, দোহায় পরিচালিত অভিযানই স্পষ্ট করে দিয়েছেড় ৪৮ জন বন্দি ফিরিয়ে আনা এবং যুদ্ধের ইতি টানার একমাত্র অন্তরায় হচ্ছেন প্রধানমন্ত্রী নেতানিয়াহু। পরিবারগুলোর পক্ষ থেকে আরও বলা হয়েছে, "এখন সময় এসেছে অজুহাতের অবসান ঘটানোর। এসব অজুহাত কেবল নেতানিয়াহুর ক্ষমতা ধরে রাখার জন্য তৈরি।" ফোরামটির দাবি, নেতানিয়াহুর "স্থবিরতা" ইতোমধ্যে ৪২ জন বন্দির প্রাণহানির কারণ হয়েছে এবং অবশিষ্ট বন্দিদের জীবনও ঝুঁকির মধ্যে রয়েছে। এমন প্রেক্ষাপটে শনিবার ইসরাইল সফরে গেছেন মার্কিন সিনেটর মার্কো রুবিও। তাঁর নেতানিয়াহুর সঙ্গে বৈঠকের কথা রয়েছে। অন্যদিকে দোহায় হামলার বিষয়ে নেতানিয়াহু বলেন, এই পদক্ষেপ "সম্পূর্ণ ন্যায়সঙ্গত", কারণ এটি ৭ অক্টোবরের হামলার পরিকল্পনাকারী হামাসের সিনিয়র নেতাদের লক্ষ্য করে পরিচালিত হয়েছিল।

## দেশে দেশে গণ-অভ্যুত্থান: রাজনীতিকদের জন্য চরম সতর্কবার্তা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ, নেপাল ও শ্রীলঙ্কায় সম্প্রতি দেশজুড়ে গণ-অভ্যুত্থান ও সরকার পতনের ঘটনা দক্ষিণ এশিয়ার রাজনীতিকদের জন্য গভীর চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। নেপালের গণ-অভ্যুত্থান পরবর্তী কোন দেশ হবে, তা নিয়েও চলছে জল্পনা। তবে বিশেষজ্ঞরা মনে করছেন, এই অভ্যুত্থান কোনো রাজনৈতিক দলের পরিকল্পনার ফল নয়; বরং তরুণ ও সাধারণ জনগণই এর প্রধান চালিকাশক্তি। বিশ্লেষকদের মতে, আধুনিক প্রযুক্তি, রাজনৈতিক-অর্থনৈতিক বৈষম্য, দুর্নীতি, দীর্ঘদিনের হতাশা এবং কর্মসংস্থানের অভাবের যৌথ প্রভাবই এ ধরনের গণ-অভ্যুত্থানের জন্ম দিয়েছে। রাজনৈতিক ব্যর্থতা ও স্বার্থপর নেতৃত্বের কারণে জনগণের ক্ষোভ আজ ভয়াবহ পর্যায়ে পৌঁছেছে। সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলেন, "তরুণ সমাজের প্রত্যাশা বেশি, তারা প্রযুক্তিতে দক্ষ এবং সচেতন। কিন্তু কর্মসংস্থানের সুযোগ ও সামাজিক ন্যায্যতা নেই। রাষ্ট্রীয় দুর্নীতি ও বৈষম্য তাদের ক্ষোভ বাড়িয়েছে। রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থায় স্বচ্ছতা ও নৈতিক মান বৃদ্ধির প্রয়োজন।" অন্যদিকে সাবেক রাষ্ট্রদূত মুন্সি ফয়েজ আহমেদ মন্তব্য করেন, "যেসব দেশে গণ-অভ্যুত্থান হয়েছে, সেখানে বিভাজন ও বৈষম্য বিদ্যমান ছিল। নেতারা জনগণের আস্থা অর্জন করতে ব্যর্থ হয়েছেন। দেশের অভ্যন্তরীণ দুর্বলতা ও স্বার্থান্বেষী বিদেশি শক্তি এ পরিস্থিতি কাজে লাগিয়েছে। তবে পরবর্তী দিকনির্দেশনা ও ঐক্যহীনতার কারণে অভ্যুত্থান প্রায়শই নতুন সংকটের জন্ম দেয়।" ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ ড. ইমতিয়াজ আহমেদ বলেন, "তরুণরা অভ্যুত্থানের নেতৃত্ব দেয়, যখন প্রত্যাশা ও প্রাপ্তির ফারাক বৃদ্ধি পায়।